বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীমোহিনীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।
ঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০:০—

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২২শে ফাল্গুন বুধবার ১৩৫২ ইংরাজী 6th Mar. 1946 { ৪০শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৶০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

২৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য **"হিন্দুস্থানের"** কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্,

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্ঃ কলিকাতা

## শিক্ষক আবশ্যক

ছয় মাসের জন্য একজন অভিজ্ঞ ম্যাট্রিক শিক্ষক প্রয়োজন। জি, টি হইলে ভাল হয়। বেতন যোগ্যতানুসারে। ২৪শে মার্চ্চের মধ্যে আবেদন করুন।

শ্রীজয়কৃষ্ণ দত্ত
সম্পাদক,
রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল।
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২২শে ফাল্গুন বুধবার সন ১৩৫২ সাল


### শুভাগমন

মুর্শিদাবাদের সুযোগ্য ডিষ্ট্রীক্ট ও সেসন জজ শ্রীযুক্ত মন্মথনাথ ঘটক মহোদয় জঙ্গিপুর শুভাগমন করিয়াছিলেন। তিনি স্থানীয় মুন্সেফী আদালত পরিদর্শন করিয়াছেন।

### ট্রেড মার্ক রেজেষ্ট্রী করার জন্য সময় দান

ব্যবসায়িগণ যাহাতে ট্রেড মার্ক রেজেষ্ট্রী করার জন্য যথেষ্ট সময় লাভ করেন, তজ্জন্য ভারত গভর্ণমেণ্টের বাণিজ্য বিভাগ ১৯৪০ সালের ট্রেড মার্ক সংক্রান্ত আইনের ৬৮নং ধারা আরও এক বৎসরের জন্য অর্থাৎ ১৯৪৭ সালের ১লা জানুয়ারী পর্য্যন্ত জারী করিবেন না। যে সমস্ত ট্রেড মার্ক রেজেষ্ট্রী করা হয় নাই, সেগুলি রেজেষ্ট্রীকৃতরূপে চালাইবার অপরাধের দরুণ এই ধারায় শাস্তির বিধান রহিয়াছে।

### নূতন ভাইস-চ্যান্সেলার

আগামী ১২ই মার্চ্চ, ১৯৪৬ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান ভাইস-চ্যান্সেলার ডাঃ রাধাবিনোদ পালের কার্য্যকাল শেষ হইবে। তাঁহার স্থানে বাঙলার গভর্ণর মিঃ পি, এন, ব্যানার্জ্জিকে ভাইস-চ্যান্সেলার মনোনীত করিয়াছেন

### আসামী খালাস

জেলা মুর্শিদাবাদ, বহরমপুর সেসন জজ আদালতে জুরীগণের সাহায্যে সম্প্রতি এক চাঞ্চল্যকর ডাকাতি মোকর্দ্দমার বিচার হইয়া গিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ রামপুরহাট থানার অন্তর্গত উস্তাপাড়া গ্রামের গোলাম সেখ অন্যান্য লোকজনসহ সাগরদীঘি থানার অন্তর্গত সাহাপুর গ্রামের জনৈক বিধবা বসন্তকুমারী গুপ্তার গৃহে প্রবেশ করিয়া গত ১৩৫১ সালের শ্রাবণ মাসে বসন্তকুমারীকে গুরুতরভাবে ছোরা লাঠিদ্বারা প্রহার ও জখম করতঃ ডাকাতি করার অভিযোগে ভারতীয় দণ্ডবিধি আইনের ৩৯৫ ধারা ও তৎসহ ৭৫ ধারা অনুসারে বিচারার্থ চালান হয়। সেসনের বিচারে গত ২১।২।৪৬ তারিখে জুরীগণ একমত হইয়া আসামীকে বেকসুর খালাস দিয়াছেন। এই মোকর্দ্দমায় সরকার পক্ষে সরকারী উকীল ও আসামী পক্ষে খ্যাতনামা ভকিল স্বর্গীয় রায় বৈকুণ্ঠনাথ সেন বাহাদুরের পৌত্র উকিল বাবু সৌরেন্দ্রমোহন সেন ছিলেন।

### মৎস্য সংরক্ষণের প্রদর্শনী কেন্দ্র

কাঁথি মহকুমার সমুদ্রোপকূল অঞ্চলে মৎস্য সংরক্ষণ প্রদর্শনী কেন্দ্র নির্ম্মাণকার্য্য আরম্ভ হইয়াছে। বাংলা দেশে এইরূপ কেন্দ্র ইতিপূর্ব্বে প্রতিষ্ঠিত হয় নাই। মাছের অপচয় নিবারণ উদ্দেশ্যে এখানে ধীবরগণকে মৎস্য সংরক্ষণের পদ্ধতি শিক্ষা দেওয়া হইবে। যে সমস্ত অঞ্চলে প্রচুর মাছ পাওয়া যায় অথচ চালান দিবার সুবিধা নাই সে সমস্ত অঞ্চলে অনুরূপ কেন্দ্র স্থাপিত হইবে, আশা করা যায়। মাছে লবণ দিবার পূর্ব্বে উহার ভিতর হইতে যে ফুলকো, আঁতড়ী ইত্যাদি বাহির করিয়া ফেলা হয় এবং লবণ দিবার পর উহা হইতে যে জল নির্গত হয়, তাহা উৎকৃষ্ট সাররূপে কৃষিকার্য্যে ব্যবহার করা যায়।

### দুঃস্থদের স্বস্থানে প্রেরণ

গত ১৯৪৩ সালের খাদ্যসঙ্কটের ফলে অন্যান্য প্রদেশ হইতে যে সকল দুঃস্থ, দুর্গত নরনারী কলিকাতায় আসিয়া সরকারী ক্যাম্পে খাদ্য ও আশ্রয় লাভ করিয়াছে, তাহাদের প্রায় ২৫০ জনকে সম্প্রতি স্ব স্ব প্রদেশে প্রেরণ করা হইয়াছে।

### কলিকাতা সিভিক গার্ড বাহিনী

২৪শে ফেব্রুয়ারী অপরাহ্ণে কলিকাতার ডেপুটি পুলিশ কমিশনার মিঃ নর্টন জোন্সের পরিচালনাধীনে কলিকাতা সিভিক গার্ডের একটী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। লর্ড সিংহ এই অনুষ্ঠানে যোগদান করেন, যুদ্ধের সময় সিভিক গার্ড বাহিনী যে দায়িত্বপূর্ণ কার্য্য সম্পন্ন করিয়াছে, তাহা উল্লেখ করিয়া বাঙলার মহামান্য গভর্ণর বাহাদুর বাহিনীর লোকদের উদ্দেশ্যে একটি বাণী প্রেরণ করেন। কলিকাতার পুলিশ কমিশনার উহা পাঠ করেন।

### কলিকাতায় ব্যাপক টীকা দান

বাঙলা গভর্ণমেণ্টের জনস্বাস্থ্য বিভাগ কর্ত্তৃক প্রকাশিত টীকাদানের সাংখ্যিক বিবরণ হইতে জানা যায় যে, কলিকাতায় ব্যাপকভাবে টীকাদানের ফলে বসন্ত রোগের প্রকোপ আশাতীতরূপে হ্রাস পাইয়াছে। গত বৎসর জানুয়ারী মাস হইতে মে মাস পর্য্যন্ত কলিকাতায় ২,৪০০,০০০ জনকে টীকা দেওয়া হয়। ফলে বসন্ত রোগজনিত মৃত্যুর মাসিক গড়পড়তা সংখ্যা ৬১০ হইতে ১৩ তে নামিয়া আসে। ১৯৪৫ সালের জানুয়ারী মাসে ১৩০৬ জন বসন্ত রোগীর মৃত্যু হয়। পক্ষান্তরে এ বৎসর জানুয়ারী মাসে মাত্র ৬ জন লোক বসন্ত রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হয়। অনতিবিলম্বে টীকা লইয়া বসন্ত রোগের কবল হইতে আত্মরক্ষা করিবার জন্য জনসাধারণকে অনুরোধ করা যাইতেছে।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৯শে মার্চ্চ ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৩৮ খাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং ভুপেন্দ্রনাথ মৈত্র দিং দাবি ৪২৮/৬ থানা সমসেরগঞ্জ মৌজে মহিষাথৈল ৪৮০ জমির কাত ৬।৯।১৯ আঃ ১০৲ খং ৩৪৭

৩৯ থাং ডিঃ ঐ দেং ঐ দারি ৩৮॥৶০ মৌজাদি ঐ ২৫১ জমির কাত ৮, আঃ ১০, থং ২১৩|২১৪|২১৫|২১৬

৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৯।/৩ মৌজাদি ঐ ৪॥০ জমির কাত ৮৷৵০ আঃ ১০, থং ২১৭

৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯।৶৬ মৌজাদি ঐ ২।১ জমির কাত ২।৶১০ আঃ ৫, থং ২১২

৯ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং মহম্মদ মহালদার দিং দাবি ৪৪।/৬ পাই থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৯ শতকের কাত ২০, আঃ ২৫, থং ৬৩৯

১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪১।/৬ পাই মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৮॥০ আঃ ৩০, থং ২৭৩৬

১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৸/০ মৌজাদি ঐ ৪৮ শতকের কাত ৮৷৵১১ আঃ ১৫, থং ২৬৫৯

১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১॥৶৯ মৌজাদি ঐ ৯ শতকের কাত ২০, আঃ ২৫, থং ৬৩৯

২১ থাং ডিঃ ঐ দেং প্রেমলাল পাল দিং দাবি ২১।৬ মৌজাদি ঐ ১৮ শতকের কাত ১॥/৫ আঃ ৫, থং ২৪০২

২৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২ /৯ মৌজাদি ঐ ৩৪ শতক জমির কাত ৩॥৵০ আঃ ১০, থং ২৭৬১

১৩ থাং ডিঃ ঐ দেং মকসদ সেখ দাবি ১১॥/০ থানা ঐ মৌজে গাজিনগর ৫১ শতকের কাত ৩৵১২ আঃ ৫, থং ২৪২

১৫ থাং ডিঃ ঐ দেং হরেন্দ্রনাথ সাহা দিং দাবি ১৯৵০ থানা ফরোক্কা মৌজে মহাদেবনগর ১-৫৪ শতকের কাত ৬৸/৬। আঃ ১০, থং ৮১৬

১৭ থাং ডিঃ ঐ দেং নিয়াজুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৭।৶৯ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১৸১২ আঃ ১০, থং ১০৬২

২২ থাং ডিঃ ঐ দেং ফজর মৌলবী দিং দাবি ১৭/০ মৌজাদি ঐ ৬৪ শতকের কাত ২॥৫ আঃ ৫, থং ২৮৬

২৬ থাং ডিঃ ঐ দেং খোদাবক্স সেখ দিং দাবি ৯৸/৩ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ৩॥০ আঃ ৫, থং ২১৫

৭৯ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং গাঁইচি মণ্ডলানী দিং দাবি ২০৶৬ থানা সাগরদীঘি মৌজে দিয়াড় বালাগাছি ৫১ শতকের কাত ২৸৵১৫ আঃ ২০, থং ১৬২

৫৫ থাং ডিঃ রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ দেং ধূর্জ্জটী কুমার মৈত্র দাবি ২৮॥৵৩ থানা সাগরদীঘি মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ৮-৬১ শতকের কাত ইস্তাহার লিখিত আঃ ২৫, থং ১৪ অধিনস্থ থং ৬৯৪

৩৪ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং শশধর পাল দিং দাবি ১৯।/৯ থানা ফরক্কা মৌজে মহাদেবনগর ৩৭ শতকের কাত ২৸৶৫ আঃ ৫, থং ২৩০

৯৬ থাং ডিঃ চারুবালা বর্ম্মণ্যা দেং মঞ্জুরীমণি দাস্যা দিং দাবি ৯॥৵০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ১-২৫ শতকের কাত ॥৵২ আঃ ৫, থং ৮৭৮

১৯৪৫ সালের ডিক্রীজারী

৭৭৭ থাং ডিঃ ঐ দেং ভিকুমণি দাসী দাবি ১৬৲৬ পাই থানা সমসেরগঞ্জ মৌজে দিঘরি ২০ শতকের কাত ১॥১৫ আঃ ৫- থং ২৪২৬

৭৮২ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং আবজাল সেথ দিং দাবি ৫৭৸৵৩ থানা ঐ মৌজে অনুপনগর ১-২৪ শতকের কাত ৫।৵১০ আঃ ১৫, থং ৪১

৭৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাব ২২৵৯ মৌজাদি ঐ ১-৬৮ শতকের কাত ১।৶১৫ আঃ ৫, থং ১০৮

৭৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৶৩ মৌজাদি ঐ ৯১ শতকের কাত ১৶০ আঃ ৫, থং ৪২১

৬২৬ থাং ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং জাফি বিবি দিং দাবি ১৯৵০ থানা সমসেরগঞ্জ মৌজে মহিষাস্থলি ২-২ শতকের কাত ১২৵৩ আঃ ৫, থং ১০১

৪৭ মনি ডিঃ দেবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দেং দুকড়িচন্দ্র সিংহ দাবি ৬৪৸৶৯ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৭৯৯ নং তৌজির মহাল রাজস্ব ১৪৬॥/৭ পাই অন্তর্গত ।৵০ অংশ জমিদারী স্বত্ব আঃ ৫০,


কংগ্রেস মনোনীত প্রার্থী

## শ্রীযুত শ্যামাপদ ভট্টাচার্য্য

ও

## শ্রীযুত কুবেরচাঁদ হালদার

মহাশয়দ্বয়কে ভোট দিয়া স্বাধীনতার পথ প্রশস্ত করুন।

(সকল শ্রেণীর হিন্দু ভোটারগণই উভয় প্রার্থীকে ভোট দিতে পারিবেন)


### ভারতীয় বাহিনীর কমিশন

বাঙ্গালী যুবকগণকে ভারতীয় সশস্ত্র বাহিনীর তিনটি বিভিন্ন শাখার কমিশনের জন্য আবেদন করিতে উৎসাহিত করিবার উদ্দেশ্যে মেজর এম, সি, শর্ম্মা ও এফ। এলটি টি, বোস নামক দুইজন সামরিক কর্ম্মচারী শীঘ্রই দিনাজপুর, পাবনা, বগুড়া, রাজসাহী, রঙ্গপুর, জলপাইগুড়ি ও দাৰ্জ্জিলিঙ জেলায় এবং কুচবিহার রাজ্যে পরিভ্রমণ করিবেন।

### নূতন করিয়া লাইসেন্স করার পদ্ধতি

টেক্সটাইল লাইসেন্সগুলি নূতন করিয়া করার জন্য দরখাস্তের যে নূতন ফরম প্রস্তুত করা হইয়াছে, তাহা এখন বিলি করা হইতেছে। আগামী ৩১শে মার্চ্চ তারিখে বর্ত্তমান লাইসেন্সসমূহের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্ব্বেই এতৎসম্পর্কিত সমস্ত দরখাস্ত দাখিল করিতে হইবে। ঐ সময়ে লাইসেন্স ফি জমা না দিলে লাইসেন্সিং অফিসার দরখাস্ত গ্রহণ করিবেন না। দরখাস্ত দাখিল করিলে যে রসিদ দেওয়া হইবে, তাহা ষ্ট্যাম্পের টাকা জমা দেওয়ার রসিদ বলিয়া পরিগণিত হইবে এবং কোন বিশেষ কারণে আবেদনকারীর দরখাস্ত গৃহীত না হইলে, নূতন লাইসেন্স বিলি না হওয়া পর্য্যন্ত ঐ রসিদের সাহায্যে সে তাহার ব্যবসা করিতে পারিবে। সংশ্লিষ্ট ব্যবসায়ীসঙ্ঘ, সমিতি বা কোন ব্যক্তি নিজেদের দরখাস্তের ফরম ছাপাইবার ব্যবস্থা করিতে পারেন; তবে উহা ১৯৪৬ সালের নূতন নিয়ন্ত্রণাদেশ নির্দ্দিষ্ট দরখাস্তের ফরমের অবিকল প্রতিলিপি হওয়া চাই।

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED.


---

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।

---




# স্থুরবল্লী




যে সব ডাক্তাররা
স্থুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
জবাকুসুম হাউস, কলিকাতা

---

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অত্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত